

AKASHVANI KOLKATA

RNU: KOLKATA

Bengali Text Bulletin

Date 11-10-2026

Time: 1.30 PM

বিশেষ বিশেষ খবরঃ

১) সুপ্রিম কোর্ট আজ দিল্লি কর্তৃপক্ষকে নির্দেশ দিয়েছে যেন শান্তিপূর্ণভাবে সমবেত হওয়া মানুষদের বেআইনিভাবে আটক না করা হয় এবং ট্রাফিক নিয়ম মেনে তাদের অবাধ চলাচলের সুযোগ দেওয়া হয়। আদালত দিল্লিতে ব্যারিকেড বা প্রতিবন্ধকতা বসানোর বিষয়টি কর্তৃপক্ষকে খতিয়ে দেখতে বলেছে।

২) দিল্লি বিমান বন্দর থেকে গতকাল আটক করা সিজেপি-র অভিজিৎ দীপকে, আশুতোষ রান্ধা এবং সৌরভ দাসকে আজ নতুনদিল্লির একটি বিশেষ নির্বাহী ম্যাজিস্ট্রেট আদালত বন্ডে মুক্তি দিয়েছে।

৩) দিল্লি পুলিশ আজ জানিয়েছে যে, সাধারণ মানুষের মধ্যে অস্থিরতা বা উত্তেজনা সৃষ্টির উদ্দেশ্যে সোশ্যাল মিডিয়ায় এমন অনেক ভিডিও ছড়িয়ে দেওয়া হচ্ছে যা সম্পূর্ণ ভুয়ো। এ ধরনের কোনও ভিডিও সমাজ মাধ্যমে ছড়ানোর অভিযোগ পেলে পুলিশ আইনানুগ ব্যবস্থা নেবে।

৪) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ তামিলনাড়ুতে ১৩ হাজার কোটি টাকা মূল্যের একাধিক প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করবেন।

৬) নয়দিন ব্যাপী নবরাত্রি উৎসবের আজ সূচনা। প্রধানমন্ত্রী, নবরাত্রিতে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন।

৭) পুরুষদের ক্রিকেটে আজ ইন্দোরের হোলকার স্টেডিয়ামে তৃতীয় টি-টোয়েন্টি আন্তর্জাতিক ম্যাচে ভারত ওয়েস্ট ইন্ডিজের মুখোমুখি হবে। ম্যাচটি ভারতীয় সময় সন্ধ্যা ৭টায় শুরু হবে।

সুপ্রিম কোর্ট আজ দিল্লি কর্তৃপক্ষকে নির্দেশ দিয়েছে যেন শান্তিপূর্ণভাবে সমবেত হওয়া মানুষদের বেআইনিভাবে আটক না করা হয় এবং ট্রাফিক নিয়ম মেনে তাদের অবাধ চলাচলের সুযোগ দেওয়া হয়। আদালত দিল্লিতে ব্যারিকেড বা প্রতিবন্ধকতা বসানোর বিষয়টি কর্তৃপক্ষকে খতিয়ে দেখতে বলেছে। পাশাপাশি, আইন-শৃঙ্খলার পরিস্থিতির সাপেক্ষে মেট্রো পরিষেবা স্বাভাবিক সময়সূচি অনুযায়ী চালানো এবং ইন্টারনেট পরিষেবা যাতে নিরবচ্ছিন্ন থাকে, তা নিশ্চিত করতে কেন্দ্রকে নির্দেশ দিয়েছে।

আদালত বলেছে, আইন-শৃঙ্খলা পরিস্থিতির সঙ্গে সামঞ্জস্য রেখে মেট্রো ও ট্রেন পরিষেবা স্বাভাবিকভাবে চলতে দিতে হবে। এছাড়া আদালত নির্দেশ দিয়েছে যে, আইনজীবীদের পেশাগত দায়িত্ব পালনে কোনোভাবেই বাধা দেওয়া যাবে না।

আদালতের নির্দেশ লঙ্ঘনের অভিযোগে কর্তৃপক্ষের বিরুদ্ধে নোটিশ জারি করেছে সুপ্রিম কোর্ট। আদালত জানিয়েছে, তারা সব পক্ষের বক্তব্য শুনবে এবং নিশ্চিত করবে যাতে কোনো ধরনের অসুবিধা সৃষ্টি না হয়। সলিসিটর জেনারেল তুষার মেহতা আদালতকে জানিয়েছেন যে, ১০ অক্টোবর মেট্রো নেটওয়ার্কের ৩০৩টি স্টেশনের মধ্যে মাত্র ৪৫টিতে প্রবেশ ও প্রস্থানের ওপর বিধিনিষেধ আরোপ করা হয়েছিল।

সুপ্রিম কোর্ট জোর দিয়ে বলেছে যে, শান্তিপূর্ণ সমাবেশ, মানুষের চলাচল এবং আইনজীবীদের পেশাগত দায়িত্ব পালনে যেন অহেতুক বাধা সৃষ্টি না করা হয়। তবে আদালত এ-ও উল্লেখ করেছে যে, এই কার্যক্রমগুলো অবশ্যই প্রযোজ্য আইন ও ট্রাফিক বিধিমালায় আওতাধীন থাকবে।

গতকাল আটক সিজিপি-র অভিজিৎ দীপকে, আশুতোষ রাফা এবং সৌরভ দাসকে আজ নতুনদিল্লির একটি বিশেষ নির্বাহী ম্যাজিস্ট্রেট আদালত মুক্তি দিয়েছে। দিল্লি পুলিশের তথ্য অনুযায়ী, আজ সকালে এই তিনজনকে দিল্লি ক্যান্টনমেন্টের বিশেষ নির্বাহী ম্যাজিস্ট্রেটের সামনে হাজির করা হয়েছিল। পুলিশ জানিয়েছে, এক বছর সময়কাল পর্যন্ত শান্তি বজায় রাখার শর্তে ৫০ হাজার টাকার জামানত বা বন্ড জমা দেওয়ার পর তাঁদের মুক্তি দেওয়া হয়।

দিল্লি পুলিশ আজ জানিয়েছে, সিজিপি -র প্রতিষ্ঠাতা অভিজিৎ দীপকের ঠাকুমার প্রয়াণের খবরটি গতকালই যথাযথ সংবেদনশীলতার সঙ্গে তাঁকে দ্রুত জানানো হয়েছিল। পুলিশ আরও জানায়, তাঁকে শেষকৃত্যের নির্ধারিত সময়ও জানানো হয়। সেই সঙ্গে মানবিক কারণে নিজ শহরে যাওয়ার ক্ষেত্রে সম্ভাব্য সব রকম সহায়তার প্রস্তাব দেওয়া হয়। তবে তিনি সেই সহায়তা গ্রহণে অস্বীকৃতি জানান।

উত্তর রেলওয়ে ঘোষণা করেছে যে, আজ সমস্ত ট্রেন পরিষেবা স্বাভাবিক সময়সূচি অনুযায়ী চলবে। উল্লেখ্য, গতকাল ভোর ৪টা থেকে দুপুর ২টার মধ্যে নতুনদিল্লি ও

হযরত নিজামুদ্দিন রেলওয়ে স্টেশনে পৌঁছতে নির্ধারিত মেইল ও এক্সপ্রেস ট্রেনগুলি বাতিল করার সিদ্ধান্ত নিয়েছিল 'রল কর্তৃপক্ষ'।

দিল্লি মেট্রো রেল কর্পোরেশন জানিয়েছে, নিরাপত্তার কারণে বন্ধ রাখা ৪৫টি মেট্রো স্টেশনের প্রবেশ ও প্রস্থান পথগুলি এখন খুলে দেওয়া হয়েছে। সংস্থাটি আরও জানিয়েছে যে, সংশ্লিষ্ট মেট্রো স্টেশনগুলিতে ইন্টারচেঞ্জ বা এক লাইন থেকে অন্য লাইনে যাওয়ার সুবিধাও এখন চালু রয়েছে।

নিরাপত্তার কারণে দিল্লি মেট্রো গতকাল রাত ১০টা পর্যন্ত ওই ৪৫টি স্টেশন বন্ধ রেখেছিল।

দিল্লি পুলিশ আজ জানিয়েছে যে, সাধারণ মানুষের মধ্যে অস্থিরতা বা উত্তেজনা সৃষ্টির উদ্দেশ্যে সোশ্যাল মিডিয়ায় এমন অনেক ভিডিও ছড়িয়ে দেওয়া হচ্ছে—যার মধ্যে রয়েছে অতীতের কোনো ঘটনা, অন্য রাজ্যের ঘটনা কিংবা কৃত্রিম বুদ্ধিমত্তা বা এআই-এর মাধ্যমে তৈরি করা ভিডিও। দিল্লি পুলিশ জনসাধারণকে এ ধরনের পোস্ট বা খবর শেয়ার করা থেকে বিরত থাকার পরামর্শ দিয়েছে। পুলিশ আরও জানিয়েছে যে, এ ধরনের বিভ্রান্তিকর ও যাচাইহীন পোস্ট শেয়ার করার ফলে সংশ্লিষ্ট প্রোফাইল-মালিকদের বিরুদ্ধে আইনি ব্যবস্থা নেওয়া হতে পারে।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ সকালে চেন্নাই পৌঁছেছেন, যেখানে তিনি ১৩ হাজার কোটি টাকার বিভিন্ন প্রকল্পের উদ্বোধন করবেন। তামিলনাড়ুর মুখ্যমন্ত্রী সি. জোসেফ বিজয়, তাঁর মন্ত্রিসভার সহকর্মীরা এবং AIADMK-র সাধারণ সম্পাদক ও প্রাক্তন মুখ্যমন্ত্রী এডাপ্পাদি পালানিস্বামী প্রমুখ তাঁকে উষ্ণ অভ্যর্থনা জানান। চেন্নাইয়ের পোরোরে

আয়োজিত অনুষ্ঠানের পথে প্রধানমন্ত্রী একটি রোড-শো করেন সেখানে তিনি পোরোর থেকে পুনামাল্লি পর্যন্ত মেট্রো রেল পরিষেবার সূচনা করবেন।

প্রধানমন্ত্রী তামিলনাড়ুর মুখ্যমন্ত্রী সি. জোসেফ বিজয়ের সঙ্গে মেট্রো রেলে ভ্রমণ করবেন। ১৪.৫ কিলোমিটার দীর্ঘ এই মেট্রো রেল পরিষেবায় রয়েছে ৩.৭ কিলোমিটারের এক অনন্য দোতলা কাঠামো এবং অত্যাধুনিক সিগন্যালিং। প্রধানমন্ত্রী ৭৫০ কোটি টাকারও বেশি মূল্যের রেল পরিকাঠামো প্রকল্প জাতির উদ্দেশ্যে উৎসর্গ ও উদ্বোধন করবেন। এরপর প্রধানমন্ত্রী আইআইটি ক্যাম্পাসের উদ্দেশ্যে রওনা হবেন এবং সেখানে জলাকান্দেশ্বর শিব মন্দিরে পূজা ও দর্শন করবেন। তিনি আইআইটি মাদ্রাজ-এ ‘সুধা গোপালকৃষ্ণন ব্রেন সেন্টার’-এর উদ্বোধন করবেন।

তিনি বেশ কয়েকটি গুরুত্বপূর্ণ জাতীয় সড়ক প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন ও উদ্বোধন করবেন। এছাড়াও, প্রধানমন্ত্রী চেন্নাই পেট্রোলিয়াম কর্পোরেশন লিমিটেডের মানালি শোধানাগারে একটি ‘লুব অয়েল বেস স্টক’ প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন। এছাড়াও, শ্রী মোদী কামারাজার বন্দরে কয়লা ওঠানামার জন্য একটি অতিরিক্ত বার্থ প্রকল্পের উদ্বোধন করবেন। দিল্লি রওনা হওয়ার আগে প্রধানমন্ত্রী জয়গোপাল গারোডিয়া হিন্দু বিদ্যালয়ের সুবর্ণজয়ন্তী উদযাপনেও অংশ নেবেন।

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ এবং প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং আজ স্বাধীনতা সংগ্রামী লোকনায়ক জয়প্রকাশ নারায়ণের জন্মবার্ষিকীতে তাঁকে শ্রদ্ধা নিবেদন করেছেন। সোশ্যাল মিডিয়ায় এক বার্তায় অমিত শাহ বলেন, জয়প্রকাশ নারায়ণের সমগ্র জীবন দেশ ও সমাজের সেবায় উৎসর্গীকৃত ছিল—স্বাধীনতা সংগ্রামে যুবশক্তিকে সংগঠিত করা

থেকে শুরু করে স্বাধীনতার পর গ্রামীণ ভারতের ক্ষমতায়ন ও সর্বোদয়ের লক্ষ্যে কাজ করা পর্যন্ত। তিনি বলেন, লোকনায়কের এই নিষ্ঠা ও আত্মত্যাগ ভবিষ্যৎ প্রজন্মকে পথ দেখাতে থাকবে। প্রতিরক্ষামন্ত্রী বলেছেন, জয়প্রকাশ নারায়ণ ছিলেন গণতন্ত্রের একনিষ্ঠ সেবক।

হঠাৎ জলস্তর বেড়ে যাওয়ায় আজ ভোরে বেশ কয়েকটি বাড়ি ভেসে যাওয়ার পর, নেপাল সরকার গোখা জেলার বুড়ি গণ্ডকী নদীর তীরবর্তী বসতিগুলোর বাসিন্দাদের জন্য সরে যাওয়ার সতর্কতা জারি করেছে। প্রাথমিক তথ্য অনুযায়ী, জগৎ-এলাকায় নদীর ধারে থাকা পাঁচ থেকে সাতটি বাড়ি ভেসে গেছে এবং আরও বেশ কয়েকটি বাড়ি ভাটির দিকে হেলে পড়েছে। এখন পর্যন্ত কোনো হতাহতের খবর পাওয়া যায়নি। হঠাৎ জলস্তর বৃদ্ধির কারণ এখনও অস্পষ্ট।

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প সতর্ক করে বলেছেন, ইরান ওরা নভেম্বরের নির্বাচনের আগে আমেরিকার বিরুদ্ধে তাদের আক্রমণ আরও তীব্র করতে পারে। ওয়াশিংটন যুদ্ধ দ্রুত শেষ করতে পারে বলেও ইঙ্গিত দিয়েছেন তিনি।

টেনেসিতে এক অনুষ্ঠানে ট্রাম্প বলেন, মার্কিন যুক্তরাষ্ট্রকে রাজনৈতিকভাবে ক্ষতিগ্রস্ত করার লক্ষ্যে তেহরান সম্ভবত অতিরিক্ত কোনো পদক্ষেপ নেবে। ফেব্রুয়ারির শেষে সংঘাত শুরু হওয়ার পর থেকে ১৫৯টি ইরানি জাহাজ ক্ষতিগ্রস্ত হয়েছে বলে তিনি জানান।

সৌদি আরবের রিয়াদের কিং খালিদ আন্তর্জাতিক বিমানবন্দরে এক প্রাণঘাতী হামলার পর ইয়েমেনের হুথি বিদ্রোহীদের বিরুদ্ধে সৌদি সামরিক অভিযানে মার্কিন যুক্তরাষ্ট্রের সম্ভাব্য অংশগ্রহণের বিষয়টি বিবেচনা করছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। সৌদি বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের তথ্যমতে, ওই হামলায় ১২ জন নিহত এবং ৩০০ জনেরও বেশি মানুষ আহত হয়েছেন। গতকালের এই হামলা ইয়েমেনে ইরান-সমর্থিত হুথি বিদ্রোহী এবং সৌদি-সমর্থিত সরকারি বাহিনীর মধ্যে সংঘাতের অংশ হিসাবে মনে করা হচ্ছে। এই হামলার তীব্র নিন্দা করেছেন রাষ্ট্রসঙ্ঘের মহাসচিব আন্তোনিও গুতারেস। তিনি সমাজমাধ্যমের এক বার্তায় বলেছেন, এই ঘটনা আন্তর্জাতিক আইন লঙ্ঘন করেছে।

উল্লেখ্য, নিহতদের মধ্যে সৌদি নাগরিকরা ছাড়াও বাংলাদেশ, মার্কিন যুক্তরাষ্ট্র, জর্ডন, সিরিয়া প্রমুখ দেশের নাগরিকরাও আছেন। হুথি সংগঠন অবশ্য এই হামলার দায়িত্ব স্বীকার করেনি।

পুরুষদের ক্রিকেটে আজ ইন্দোরের হোলকার স্টেডিয়ামে তৃতীয় টি-টোয়েন্টি আন্তর্জাতিক ম্যাচে ভারত ওয়েস্ট ইন্ডিজের মুখোমুখি হবে। ম্যাচটি ভারতীয় সময় সন্ধ্যা ৭টায় শুরু হবে।

শুক্রবার সন্ধ্যায় রাঁচিতে অনুষ্ঠিত দ্বিতীয় টি-টোয়েন্টি ম্যাচে ওয়েস্ট ইন্ডিজ ভারতকে ছয় উইকেটে পরাজিত করায় পাঁচ ম্যাচের এই সিরিজটি এখন ১-১ সমতায় রয়েছে।
